# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলানগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি। |
| সভার তারিখ | : | ২৭-৪-২০২৩ |
| সভার সময় | : | বেলা ৩.০০ ঘটিকা |
| স্থান | : | জিটিসিএল কনফারেন্স রুম |
| উপস্থিতি | : | সংলগ্নী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) কোম্পানিতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকের (এপ্রিল-জুন, ২০২৩) লক্ষ্যমাত্রা তুলে ধরেন এবং উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতোমধ্যে ১০০টি দুর্নীতি বিরোধী লিফলেট প্রকাশ ও প্রচার কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে বাস্তবায়িতব্য কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করেন।

বিস্তারিত আলোচনান্তে, সভাপতি নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্টকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩)-এর অগ্রগতি ও বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।

২.২। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩) এর ক্রমিক-১.৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stake holders ) অংশগ্রহণে সভা আগামী ২৭-০৬-২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।

২.৩। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কোম্পানির কাজে ব্যবহৃত প্রাধিকারভুক্ত এবং পরিবহন পুলের গাড়ির জ্বালানির যথাযথ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের জন্য ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩)-এর ক্রমিক-৩.৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্রান্সপোর্ট কন্ট্রোল ডিপার্টমেন্ট কর্তৃক গাড়ির জ্বালানি ব্যবহার যথার্থতা পরীক্ষা করে (লগবই পরীক্ষা) সংশ্লিষ্ট প্রতিবেদন আগামী ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ করতে হবে।

২.৪। কোম্পানির আওতাধীন আঞ্চলিক কার্যালয়/স্থাপনাসমূহে শুদ্ধাচার/নৈতিকতা সংক্রান্ত কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে নৈতিকতা কমিটি কর্তৃক যেকোন একটি আঞ্চলিক কার্যালয়/স্থাপনা সরেজমিনে পরিদর্শন করতে হবে।

চলমান পাতা-২

২.৫। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

**কার্যব্যবস্থায়ঃ**

-সংশ্লিষ্ট ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান,................................................................., জিটিসিএল।

-সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট,..............................................................., জিটিসিএল।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০৫/২০২৩

(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

**বিতরণঃ**

১। সকল ডিভিশন প্রধান ..........................................................................., জিটিসিএল।
২। ফোকাল পয়েন্ট, এপিএ টিম/ইনোভেশন টিম/সিটিজেন চার্টার/তথ্য অধিকার আইন---------------------------------, জিটিসিএল।

**অনুলিপিঃ**

১। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল।— কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করবেন।
২। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
৩। অফিস কপি।

## পরিশিষ্ট-ক

তারিখঃ ২৭-০৪-২০২৩
সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা
স্থানঃ কনফারেন্স রুম, জিটিসিএল।

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩)-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা।

### উপস্থিতির তালিকা

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক | ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ২ | জনাব নজরুল ইসলাম | মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ৩ | জনাব আবু সাঈদ মাহমুদ | মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ৪ | জনাব মোঃ জাহির উদ্দিন | পরিচালক (অপারেশন), ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ৫ | মিসেস মিনা রানী রায় | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ৬ | জনাব মোঃ সাইফুল ইসলাম | মহাব্যবস্থাপক (এইচ আর) ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ৭ | মিসেস মোহছেনা আক্তার | মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ৮ | জনাব আলী হুসাইন | মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ৯ | জনাব মোঃ আক্তারুজ্জামান | পরিচালক (অর্থ), অতিরিক্ত দায়িত্ব ও সদস্য, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |
| ১০ | জনাব সরোজ কান্তি মজুমদার | উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, জিটিসিএল। | |
| ১১ | জনাব মোঃ মশিহুর রহমান | উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, জিটিসিএল। | |
| ১২ | জনাব এ, এম, বদরুল আলম | উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) ও সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, জিটিসিএল। | |